



হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১
২৭ মে ২০২৪


“ফিলিস্তিনের রাফায় ইসরায়েলি আগ্রাসন, বর্বরতা ও গণহত্যার বিরুদ্ধে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিবৃতি”

“মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য” এ বাক্যটি বর্তমান বৈশ্বিক আগ্রাসনের প্রেক্ষিতে বিলুপ্তির পথে। ১৯৮৮ সালে ফিলিস্তিন স্বাধীনতা লাভ করার পরেও ইসরায়েলি আগ্রাসনে অস্তিত্বের হুমকিস্বরূপ। ৭৫ বছর আগে ১৯৪৮ সালের ১৪ই মে আনুষ্ঠানিকভাবে ইসরায়েল রাষ্ট্র স্থাপনের ঘোষণার মাধ্যমে ফিলিস্তিনীদের উপর তাদেরই মাতৃভূমিতে অনিশ্চিত এক বিপর্যয় নেমে আসে। ইসরায়েল ফিলিস্তিনের ভূখন্ড দখল করে যে নৃশংস হত্যাকাণ্ড চালাচ্ছে, তা ইতিহাসের সবচেয়ে দীর্ঘ এবং নৃশংস সামরিক দখলদারিত্ব ও হত্যাকাণ্ড। যার অন্যতম মদদদাতা হিসেবে নির্লজ্জভাবে কাজ করে যাচ্ছে পশ্চিমা কিছু শক্তিশালী দেশ।

এই আগ্রাসন রাফায় মানবিক সংকট সৃষ্টিরূপে খাদ্য, পানি এবং স্বাস্থ্য সেবার উপর সাধারণ মানুষের জীবনকে দুর্বিসহ করে তুলেছে। প্রতিনিয়ত ইসরায়েল সেনাবাহিনীর বিমান হামলা, স্থল অভিযান এবং সীমান্তে কঠোর নিয়ন্ত্রনের ফলে রাফার সামরিক ও বেসামরিক লোকজন নিহত হচ্ছে এবং অনেকেই পশুত বরণ করছে। সেইসাথে ৮০ভাগ ঘরবাড়িসহ অনেক প্রাকৃতিক সম্পদ ধ্বংস করা হচ্ছে।

রাফার এইরূপ পরিস্থিতি নিয়ে আন্তর্জাতিক মহল খুবই সচেতন এবং উদ্বেগ। তারই প্রেক্ষিতে অনেক দেশ ও আন্তর্জাতিক সংস্থা এই আগ্রাসনের নিন্দা জানিয়েছে এবং মানবিক সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। ফিলিস্তিনের গাজা উপত্যকার রাফা শহরে যেকোনো ধরনের সামরিক হামলা ও আগ্রাসন অবিলম্বে বন্ধের নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক বিচার আদালত (আইসিজে)। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের স্বপ্নদ্রষ্টা, অন্যায় এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে বলিষ্ঠ কণ্ঠস্বর, বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এই নিপীড়ন, আগ্রাসন ও গণহত্যার বিরুদ্ধে বিশ্ব জনমত গঠনের লক্ষ্যে ইতোমধ্যেই নানান বৈশ্বিক ফোরামে বক্তব্যের মাধ্যমে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছেন। অথচ কিছু লেজুড়ভিত্তিক রাজনৈতিক দল তাদের বিদেশী প্রভুদের খুশি করতে নিরবতা পালন করছে যা ইসরায়েলকে সমর্থনের সামিল।

রাফায় ইসরায়েলি আগ্রাসন কেবল রাজনৈতিক কোনো বিষয় নয় বরং মানবিক দৃষ্টিকোণ থেকেও বিচার করা প্রয়োজন। জাতিসংঘের বিচার আদালতের নির্দেশ মেনে ইসরায়েলকে অবশ্যই সামরিক অভিযান বন্ধ করতে হবে। এহেন সামরিক অভিযানের নামে ইসরায়েলি আগ্রাসন, বর্বরতা ও গণহত্যার ঘটনায় গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানাচ্ছি। সর্বোপরি, বিশ্ব মানবতার মঞ্জল কামনা করছি।


অধ্যাপক ড. মো: আবদুল বাসেত
উপাচার্য
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়
হবিগঞ্জ-৩৩০০